# Cantina Cream

Clotrimazole BP 1%

**Composition :**

Each gram cream contains 10 mg Clotrimazole BP.

**Description :**

Clotrimazole is a broad spectrum antifungal which has a reliable action on dermatophytes, yeasts and other fungi. It also exhibits activity against Trichomonus, Staphylococci, Streptococci and Bacteroides.

**Indication :**

Cantina is indicated in -

- Dermatomycoses due to dermatophytes including trichophyton species
- Dermatomycoses due to yeasts including candida species
- Dermatomycoses due to moulds and other fungi
- Skin diseases showing superinfections with these fungi.

In addition to the above dermatomycoses, other indication include interdigital mycoses e.g. Athlete's foot, paronychias associated with nail mycoses, mycoses in skin folds, Candida vulvitis, Candida balanitis, Pityriasis versicolor and erythrasma.

**Dosage and Administration :**

Cantina cream should be thinly applied 2-3 times daily to the affected sites with gentle rubbing. For excellent and reliable efficacy, a small amount of cream is usually sufficient to apply for an area about the size of the palm for long a period.

For the treatment to become a complete success, reliable and sufficiently long application of Cantina cream is important. The duration of treatment varies; it depends among other factors on the extent and localization of the disease.

For Athlete's foot, pay special attention to the spaces between the toes. The cream should be applied two or three times daily for one month or for at least two weeks after the disappearance of all signs of infection.

**Recommended Duration of Treatment :**

| | | |
|---|---|---|
| Dermatomycoses | - | 3-4 weeks |
| Candida vulvitis and Candida balanitis | - | 1-2 weeks |
| Erythrasma and Pityriasis versicolor | - | 3 weeks |

In fungal infection of the feet, to prevent relapse, treatment should be continued for about 2 weeks beyond the disappearance of all signs of disease. After washing, the feet should be thoroughly dried particularly spaces between the toes.

**Side-effect :**

When applied topically, Cantina cream is well-tolerated. With external application, systemic effects are not observed. Local irritation or burning sensation may occur in a very few cases but these symptoms are not considered harmful.

**Drug Interaction :**

No information available.

**Use in Pregnancy :**

It is recommended that Cantina cream should be used in pregnancy only when considered necessary by the physician.

**Storage :**

Protect from light. Store at a cool and dry place. Do not freeze.

**How Supplied :**

Each collapsible aluminium tube contains 10 gm of cream.

KEMIKO

**Manufactured by :**

KEMIKO PHARMACEUTICALS LTD.

Bangladesh

# ক্যান্টিনা ক্রীম

## ক্লোট্রিমাজল বিপি ১%

**উপাদান ঃ**

প্রতি গ্রাম ক্রীমে রয়েছে ক্লোট্রিমাজল বিপি ১০ মি. গ্রা.।

**বর্ননা ঃ**

ক্লোট্রিমাজল একটি বিস্তৃত বর্ণালীর ছত্রাক বিরোধী ঔষধ যার ডার্মাটোফাইটস্, ঈষ্ট এবং অন্যান্য ছত্রাক-এর বিরুদ্ধে নির্ভরযোগ্য কার্যকর ভূমিকা রয়েছে। এছাড়াও ইহা ট্রাইকোমোনাস, স্ট্যাফাইলোকক্কাই, স্ট্রেপটোকক্কাই এবং ব্যাকটেরয়েডস্-এর বিরুদ্ধেও কার্যকারীতা প্রদর্শন করে।

**নির্দেশনা ঃ**

ক্যান্টিনা নিম্নের ক্ষেত্র সমূহে নির্দেশিত -

- ট্রাইকোফাইটোন প্রজাতি সহ বিভিন্ন ডার্মাটোফাইটস্ দ্বারা সৃষ্ট ডার্মাটোমাইকোসিস
- ক্যানডিডা প্রজাতি সহ অন্যান্য ঈষ্ট দ্বারা সৃষ্ট ডার্মাটোমাইকোসিস্
- মোল্ড এবং অন্যান্য ছত্রাক দ্বারা সৃষ্ট ডার্মাটোমাইকোসিস্
- অন্যান্য চর্মরোগের ক্ষেত্রে এসমস্ত ছত্রাক দ্বারা সুপার-ইনফেক্শন।

উপরোল্লেখিত ডার্মাটোমাইকোসিস ছাড়া ইন্টারডিজিটাল মাইকোসিস যেমন- এ্যাথলেটস্ ফুট, নখের মাইকোসিসের সাথে সংশ্লিষ্ট প্যারোনাইকিয়া, ত্বকের ভাজ সমূহের মাইকোসিস, ক্যানডিডা ভালভাইটিস্, ক্যানডিডা ব্যালেনাইটিস্, পিটাইরিয়াসিস্ ভারসিকালার এবং ইরাইথ্রাস্মাতে ক্যান্টিনা নির্দেশিত।

**মাত্রা এবং ব্যবহারবিধি ঃ**

ক্যান্টিনা ক্রীম পাতলা করে আক্রান্ত স্থানে প্রতিদিন ২-৩ বার আলতোভাবে ঘষে লাগাতে হবে। চমৎকার এবং নির্ভরযোগ্য কার্যকারীতার জন্য হাতের তালুর সমপরিমান ত্বকে সামান্য ক্রীম দীর্ঘদিন ব্যবহারই যথেষ্ট।

সম্পূর্ন আরোগ্য লাভের জন্য ক্যান্টিনা ক্রীম দ্বারা নির্ভরযোগ্য এবং যথেষ্ট সময় (দীর্ঘকালীন) চিকিৎসা প্রয়োজন। রোগের বিস্তৃতি এবং অবস্থানের উপর চিকিৎসার মেয়াদকাল নির্ভরশীল।

এ্যাথলেটস্ ফুট এর ক্ষেত্রে আঙ্গুলসমূহের মধ্যস্থানের প্রতি বিশেষ যত্নবান হতে হবে। প্রতিদিন দুই থেকে তিন বার করে একমাস অথবা সংক্রমণ লক্ষণসমূহ সম্পূর্নভাবে দূর হয়ে যাওয়ার পরেও কমপক্ষে দুই সপ্তাহ ঔষধটি ব্যবহার করা উচিত।

**সুপারিশকৃত চিকিৎসার মেয়াদকাল ঃ**

| | | |
|---|---|---|
| ডার্মাটোমাইকোসিস্ | - | ৩-৪ সপ্তাহ |
| ক্যানডিডা ভালভাইটিস্ এবং ক্যানডিডা ব্যালেনাইটিস্ | - | ১-২ সপ্তাহ |
| ইরাইথ্রাসমা এবং পিটাইরিয়াসিস্ ভারসিকালার | - | ৩ সপ্তাহ |

পায়ে ছত্রাকের পুনঃসংক্রমণ প্রতিরোধে লক্ষণ সমূহ সম্পূর্নভাবে দূর হয়ে যাওয়ার পরেও আরও ২ সপ্তাহ চিকিৎসা চালিয়ে যাওয়া উচিত। পা ধুয়ে ফেলার পর বিশেষ করে আঙ্গুলসমূহের মধ্যস্থান ভালোভাবে শুকিয়ে নিতে হবে।

**পার্শ্ব-প্রতিক্রিয়া ঃ**

ত্বকে ব্যবহারের ক্ষেত্রে ক্যান্টিনা ক্রীম সুসহনীয়। বাহ্যিক ব্যবহারে এর কোনো সিস্টেমিক প্রতিক্রিয়া দেখা যায় না। কিছু কিছু ক্ষেত্রে ব্যবহারের স্থানে জ্বালা-পোড়া ভাব হতে পারে কিন্তু এই উপসর্গ ক্ষতিকারক নয়।

**ঔষধের মিথস্ক্রিয়া ঃ**

কোনো তথ্য পাওয়া যায়নি।

**গর্ভাবস্থায় ব্যবহার ঃ**

গর্ভাবস্থায় ক্যান্টিনা ক্রীম এর ব্যবহার চিকিৎসকের নিকট অত্যাবশ্যকীয় মনে হলে এই ক্রীম ব্যবহার সুপারিশকৃত ।

**সংরক্ষণ ঃ**

আলো থেকে দূরে, ঠান্ডা এবং শুষ্ক স্থানে রাখুন। রেফ্রিজারেটরে রাখবেন না।

**বানিজ্যিক মোড়ক ঃ**

প্রতিটি কলাপ্সিব্ল এলুমিনিয়াম টিউবে রয়েছে ১০ গ্রাম ক্রীম।

কেমিকো

প্রস্তুতকারক ঃ

**কেমিকো ফার্মাসিউটিক্যালস্ লিঃ**

বাংলাদেশ